অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/27/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 সালের স্টেট অফ দ্য স্টেটের 14তম প্রস্তাব প্রকাশ করলেন: স্বাস্থ্যসেবা খরচে স্বচ্ছতা বৃদ্ধি

গভর্নর স্বাস্থ্য অধিদপ্তর (Department of Health), আর্থিক সেবা অধিদপ্তর (Department of Financial Services) এবং অন্যান্য রাজ্য সংস্থাগুলিকে একটি গ্রাহক অনুকূল ওয়েবসাইট তৈরি করার নির্দেশ দেবেন যেখানে নিউ ইয়র্কবাসীরা সহজেই স্বাস্থ্যসেবা পদ্ধতির খরচ এবং মান তুলনা করতে পারবেন

ওয়েবসাইট এছাড়াও আর্থিক সহায়তার বিকল্প এবং একটি সারপ্রাইজ বিল সম্পর্কে কি করতে হবে তা সহ শিক্ষাগত সম্পদ প্রদান করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তার 2020 সালের স্টেট অফ দ্যা স্টেটের 14তম প্রস্তাব প্রকাশ করেন - স্বাস্থ্যসেবা খরচে স্বচ্ছতা বৃদ্ধি করে। এ প্রস্তাবের আওতায় গভর্নর কুওমো স্বাস্থ্য অধিদপ্তর, আর্থিক সেবা অধিদপ্তর ও নিউইয়র্ক স্টেট ডিজিটাল অ্যান্ড মিডিয়া সার্ভিসেস সেন্টারকে, যা তথ্য প্রযুক্তি পরিষেবা ও অফিস অব জেনারেল পরিষেবার - একটি যৌথ উদ্যোগ, নির্দেশ দেবেন একটি গ্রাহক অনুকূল ওয়েবসাইট তৈরি করতে, যার নাম হবে নিউইয়র্কহেলথকেয়ার (NYHealthcareCompare), যেখানে নিউ ইয়র্কবাসীরা সহজেই রাজ্যের বিভিন্ন হাসপাতালে স্বাস্থ্য পদ্ধতির খরচ ও গুণগত মান তুলনা করতে পারবেন। এই প্ল্যাটফর্মটি গ্রাহকদের আর্থিক সহায়তার বিকল্প এবং একটি সারপ্রাইজ বিল সম্পর্কে কি করতে হবে তা সহ তাদের অধিকার জানতে সাহায্য করার জন্য তৈরি করা শিক্ষাগত সম্পদ গ্রাহকদের প্রদান করবে।

"নিউ ইয়র্ক অযৌক্তিকভাবে ব্যয়বহুল চিকিৎসা পরিষেবা থেকে গ্রাহকদের রক্ষার ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি করেছে," **গভর্নর কুওমো বলেন।** "কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে বহু স্বাস্থ্যসেবা পদ্ধতির ব্যয় বেড়ে গেছে যার একটি কারণ হল গ্রাহকদের তাদের এলাকার বিভিন্ন হাসপাতালে ধার্য করা দামের তুলনা করার একটি সহজ উপায় নেই। এই নতুন ওয়েবসাইটটি নিয় ইয়র্কবাসীদের তাদের স্বাস্থ্য পদ্ধতির খরচ ও গুণগত মান সম্পর্কে অবহিত সিদ্ধান্ত নিতে যে তথ্য প্রয়োজন তা প্রদান করবে - যা বাজারে প্রতিযোগিতা বৃদ্ধি করবে এবং মূল্য হ্রাস করতে সাহায্য করবে।"

গভর্নর কুওমো উচ্চ চিকিৎসার খরচ থেকে গ্রাহকদের রক্ষা করার জন্য জাতির নেতৃত্বস্থানীয় পদক্ষেপ নিয়েছেন। 2014 সালে গভর্নর জাতির প্রথম আইন স্বাক্ষর করেন গ্রাহকদের নেটওয়ার্কের

বাইরের সারপ্রাইজ বিল থেকে সুরক্ষিত রাখার জন্য এবং 2019 সালে গভর্নর আইনে স্বাক্ষর করেন যা এই সুরক্ষা আরো প্রসারিত করে। গভর্নর কুওমো জনসাধারণের জন্য স্বাস্থ্যসেবা সেবা সম্পর্কে তথ্য উপলব্ধ করাকে সমর্থন করেছেন। অল পেয়ার ডেটাবেস সিস্টেম (All Payer Database system) উন্নয়নের সাথে, নিউ ইয়র্ক আধুনিকতম স্বাস্থ্যসেবা গবেষণাএবং স্বাস্থ্যসেবার খরচ এবং প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতার একটি নতুন যুগে প্রবেশ করছে।

যাই হোক, স্বাস্থ্যসেবা খরচের বোঝা ক্রমশ গ্রাহকদের উপর পড়ছে, এবং সেখানে সিদ্ধান্তের জন্য নির্ভরযোগ্য তথ্যের জন্য চাহিদা বৃদ্ধি পাচ্ছে, বিশেষ করে পরিকল্পিত পরিষেবাগুলির জন্য, যেখানে বিভিন্ন বিকল্প উপলব্ধ আছে। পরিকল্পিত পরিষেবাগুলির খরচ একটি অঞ্চলের মধ্যে ব্যাপকভাবে ভিন্ন হতে পারে। ভোক্তাদের স্বাস্থ্যসেবা সেবা ক্রয়ের জন্য ক্ষমতায়ন করতে, গ্রাহকদের প্রথমে সচেতন হওয়া প্রয়োজন যে তথ্যের জন্য একটি বিশ্বস্ত উৎস আছে যা ব্যবহারকারীর অনুকূল এবং সুলভ উপায়ে উপস্থাপিত হয়। বিভিন্ন ওয়েবসাইট জুড়ে বিদ্যমান তথ্য ছড়িয়ে আছে। গ্রাহকরা যা চান তা খুঁজে পান না যার ফলে তারা তাদের প্রয়োজনীয় তথ্য খোঁজা ছেড়ে দেন।

এই নতুন ওয়েবসাইটটি গ্রাহকদের সহজে স্বাস্থ্যসেবা কিনতে দেবে এবং তাদের অধিকার বুঝতে দেবে, সব কিছু একটি সাইটে রেখে, নিউ ইয়র্কবাসীদের ক্ষমতায়ন করবে স্বাস্থ্যসেবায় শিক্ষিত গ্রাহক হতে এবং তাদের চাহিদার সাথে মানানসই স্বাস্থ্যসেবা সুবিধা চয়ন করতে। ওয়েবসাইটটি গ্রাহকদের সক্রিয় করবে এগুলি করতে:

- নির্দিষ্ট হাসপাতাল অনুযায়ী খরচ, গুণমান এবং ভলিউম ডাটা দেখুন;
- চিকিৎসা পদ্ধতির খরচ দ্বারা অনুসন্ধান করুন;
- ক্রয়সংক্রান্ত প্রশ্নাবলী অনুসন্ধান করুন; এবং
- চিকিৎসা বিল, স্বাস্থ্য বিমা সংক্রান্ত অভিযোগ, হাসপাতাল সংক্রান্ত অভিযোগ এবং প্র্যাকটিশনার/প্রোভাইডারের অভিযোগ নিয়ে নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে আইন ও কর্মসূচি অনুসন্ধান করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন